গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর।
fisheries.natore.gov.bd

# সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড.মো: আবুল কালাম আজাদ<br>জেলা মৎস্য কর্মকর্তা |
| সভার তারিখ | ৩১/০৫/২০২৩খ্রি.। |
| সভার সময় | দুপুর ১২.০০ ঘটিকা। |
| স্থান | জেলা মৎস্য কর্মকর্তার সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”-তে সংযুক্ত করা হলো। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে (পরিশিষ্ট ক) স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার শুরুতেই সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত মৎস্য অধিদপ্তরের গুরুত্বপূর্ণ নির্দেশনাসমূহ উপস্থাপন করেন। তিনি জানান যে, গত মাসের মাসিক সমন্বয় সভায় চতুর্থ ত্রৈমাসিকের সিটিজেন চার্টার গত ১৮/০৫/২০২৩ খ্রি. মধ্যে হালনাগাদ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিলো; কিন্তু ওয়েবপোর্টাল পর্যবেক্ষণে দেখা যায়, এ বিষয়ে বিভিন্ন উপজেলার গ্রহণযোগ্য কোনো অগ্রগতি নাই। তিনি সবার জ্ঞাতার্থে বিভিন্ন উপজেলার ওয়েবসাইটে প্রদর্শিত সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ সংক্রান্ত সর্বশেষ অগ্রগতি পর্যালোচনা করেন। পর্যালোচনা কালে দেখা যায়:

১. নাটোর সদর উপজেলার সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ সম্পন্ন করা হয়েছে। ১ম ও ২য় ত্রৈমাসিকে মৎস্য অধিদপ্তরের পরিবর্তিত ভিশন ও মিশন সংক্রান্ত তথ্য হালনাগাদ করা হয় নাই।

২. সিংড়ায় ৩য় ত্রৈমাসিক পর্যন্ত সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ সম্পন্ন করা হয়েছে। তবে কোনো ত্রৈমাসিকেই মৎস্য অধিদপ্তরের পরিবর্তিত ভিশন ও মিশন সংক্রান্ত তথ্য হালনাগাদ করা হয় নাই।

৩.গুরুদাসপুর ও নলডাঙ্গায় ত্রৈমাসিক ভিত্তিতে পৃথক পৃথক সেবা প্রদান প্রতিশ্রুতি আপলোড করা হয় নাই। প্রকাশকৃত সেবা প্রদান প্রতিশ্রুতিতে মৎস্য অধিদপ্তরের পরিবর্তিত ভিশন ও মিশন সংক্রান্ত তথ্য হালনাগাদ করা হয় নাই।

৪. বড়াইগ্রামে ১ম, ২য় ও ৩য় ত্রৈমাসিকের সিটিজেন চার্টারে মৎস্য অধিদপ্তরের পরিবর্তিত ভিশন ও মিশন সংক্রান্ত তথ্য হালনাগাদ করা হয় নাই। তবে চতুর্থ ত্রৈমাসিকের সিটিজেন চার্টারে মৎস্য অধিদপ্তরের পরিবর্তিত ভিশন ও মিশন সংক্রান্ত তথ্য হালনাগাদ করা হয়েছে।

৫. লালপুর উপজেলার ১ম, ২য়, ৩য় ত্রৈমাসিকের আপলোডকৃত সিটিজেন চার্টার ওপেন হয় না, ফলে এখানে কি আছে তা পর্যবেক্ষণ করা যাচ্ছে না। তবে চতুর্থ ত্রৈমাসিকে আপলোডকৃত সিটিজেন চার্টারে মৎস্য অধিদপ্তরের পরিবর্তিত ভিশন ও মিশন সংক্রান্ত তথ্য হালনাগাদ করে প্রকাশ করা হয়েছে এবং তা ওপেন হচ্ছে।

৬. বাগাতিপাড়া উপজেলার ১ম ও ২য় ত্রৈমাসিকের সিটিজেন চার্টারে সময়কাল ও ওয়েবপোর্টালে প্রদর্শনের জন্য কথাটা লেখা হয় নাই। ১ম ও ২য় ত্রৈমাসিকে মৎস্য অধিদপ্তরের পরিবর্তিত ভিশন ও মিশন সংক্রান্ত তথ্য হালনাগাদ করা হয় নাই। তবে তৃতীয় এবং চতুর্থ ত্রৈমাসিকে আপলোডকৃত সিটিজেন চার্টারে মৎস্য অধিদপ্তরের পরিবর্তিত ভিশন ও মিশন সংক্রান্ত তথ্য হালনাগাদ করে প্রকাশ করা হয়েছে।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ শহীদুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাটোর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পর্যবেক্ষণের আলোকে বিস্তারিত আলোচনা করেন। উপস্থিত সকলেই এ আলোচনায় অংশগ্রহণ করেন। পরিশেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১ | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং কমিটির তথ্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। প্রমাণক হিসেবে পুনর্গঠিত কমিটি হালনাগাদ সংক্রান্ত সরকারি পত্র/ওয়েবলিংক সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, জেলা মৎস্য অফিস, নাটোর এর অফিস আদেশ নং ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.২০৩, তারিখ ০৩ মে ২০২৩খ্রি. এর মাধ্যমে চতুর্থ ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে। | ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ২ | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতিসহ পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। জেলা মৎস্য অফিস, নাটোর এর অফিস স্মারক নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.১৮১, তারিখ: ০৪ এপ্রিল ২০২৩খ্রি. এর মাধ্যমে তৃতীয় ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতিসহ পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ হয়েছে। অনুরূপভাবে, চতুর্থ ত্রৈমাসিকের শেষে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতিসহ পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন | আওতাধীন/সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের জন্য কমপক্ষে ২টি সভা আয়োজন করতে হবে। জেলা মৎস্য অফিস, নাটোর এর উদ্যোগে ২৬/০৯/২০২২খ্রি., ২৭/১২/২০২২খ্রি., ২৩/০৩/২০২৩খ্রি. এবং অদ্য ৩১/০৫/২০২৩খ্রি. তারিখে মোট ৪টি সভা করা হয়েছে। উপজেলাসমূহে অনুরুপ কার্যক্রম বাস্তবায়ন করে প্রমাণক সংরক্ষণ করতে হবে। | ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |

| | | | |
|---|---|---|---|
| ৪ | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ) | প্রতি ৩ মাসে একবার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড, প্রদর্শন ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। জেলা মৎস্য অফিস, নাটোর এর ওয়েবপোর্টালে চারটি ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক প্রকাশ করা হয়েছে এবং এতে আওতাধীন দপ্তরসমূহের ত্রৈমাসিকভিত্তিক সিটিজেন চার্টার ইন্টারলিংকড করা হয়েছে। ওয়েবসাইটের স্ক্রীণশটসহ উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে (স্মারক নম্বর:৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.৪৮, তারিখ: ১৯ জানুয়ারি ২০২৩খ্রি.)। | ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ৫ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন | প্রতি ৬ মাসে একবার সেবা প্রদান সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান বিষয়ে প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করতে হবে। জেলা মৎস্য অফিস, নাটোর এর ১ম ৬ মাসের ২১/১২/২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে এবং ২য় ০৬ মাসের প্রশিক্ষণ কর্মশালা আগামী ৩১/০৫/২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। | ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ৬ | সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | প্রতি ৬ মাসে একবার অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে। জেলা মৎস্য অফিস, নাটোর এর ১ম ৬ মাসের সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ২৩/১১/২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে এবং ২য় ০৬ মাসের অবহিতকরণ সভা গত ২২/০৫/২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে। | ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ৭ | বিবিধ | স্ব স্ব দপ্তরের এপিএ চুক্তি মোতাবেক সকল কাজ সময়মত সম্পাদন করতঃ প্রমাণক সংরক্ষণ ও দাখিল করতে হবে। | ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২-০৬-২০২৩
ড.মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা
০২৫৮৮৮৭২৫৯০
dfonatore@fisheries.gov.bd

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩০
০২ জুন ২০২৩

**নম্বর:** ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.২৬২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপপরিচালক(ফিল্ড সার্ভিস), ফিল্ড সার্ভিসের দপ্তর, মৎস্য অধিদপ্তর;
২। উপপরিচালক, উপপরিচালক (প্রশাসন) এর দপ্তর , মৎস্য অধিদপ্তর;
৩। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৪। সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য অফিসারের কার্যালয়, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর;
৫। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), নাটোর;
৬। খামার ব্যবস্থাপক (সকল), নাটোর;
৭। মৎস্য সম্প্রসারণ অফিসার (সকল), নাটোর এবং
৮। সহকারী মৎস্য কর্মকর্তা (সকল), নাটোর।

০২-০৬-২০২৩
ড.মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর সমূহের সমন্বয়ে ত্রৈমাসিক সভার হাজিরা